গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)**
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy) বাস্তবায়নের লক্ষ্যে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো : নূরুল করিম<br>মহাপরিচালক (অতিরিক্ত সচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো। |
| তারিখ | : | ২১ মার্চ, ২০১৯ খ্রি. |
| সময় | : | বিকাল ৩.০০ টা |
| স্থান | : | খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সভা কক্ষ |
| উপস্থিত সদস্য | : | পরিশিষ্ট-ক |

২.০ আলোচনা:

সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার শুরুতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে এ দপ্তর কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিভিন্ন দিক পর্যালোচনা করেন। ২য় কোয়ার্টারে গৃহীত সিদ্ধান্তের মধ্যে উল্লেখযোগ্য সিদ্ধান্ত ছিল নির্ধারিত সময়ের মধ্যে উত্তম চর্চার (Best Practices) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা, যা যথাসময়ে সম্পন্ন করা হয়েছে। এছাড়া, অন্যান্য সিদ্ধান্তও বাস্তবায়ন করা হচ্ছে।

২.১ সভায় জানানো হয়, বিগত অর্থবছরগুলোতে জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা পরিবীক্ষণ কাঠামোয় নম্বর প্রদান পদ্ধতি না থাকলেও এ অর্থবছরে প্রথমবারের মত নম্বর প্রদান পদ্ধতি অর্ন্তভুক্ত করা হয়েছে। বিগত অর্থবছরের ন্যায় এবছরও জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য বিএমডি-এর কর্মকর্তা-কর্মচারীদের অধিক মনোযোগী হওয়ার উপর গুরুত্বারোপ করা হয়। কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের ব্যবস্থা করতে হবে।

২.২ কর্ম-পরিকল্পনা অনুযায়ী চলতি ২০১৮-১৯ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়নের উপর আলোচনা করা হয়। ৩য় কোয়ার্টারের উল্লেখযোগ্য লক্ষমাত্রা হলো খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ সংশোধনের প্রস্তাব প্রেরণ, স্ব স্ব ওয়েব সাইটে তথ্য হালনাগাদকরণ, তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ ও অংশীজনের অংশগ্রহণে একটি সভা আয়োজন করা ইত্যাদি।

২.৩ দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে অত্র দপ্তরে সামাজিক যোগাযোগ মাধ্যমসহ ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়নের উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়। বর্তমানে প্রায় অধিকাংশ নথি ই-ফাইলিং পদ্ধতিতে নিষ্পত্তি হচ্ছে। সভাপতি ই-ফাইলিং পদ্ধতিতে নথি নিষ্পত্তির উপর আরো বেশি জোর দিতে বলেন। সেবাগ্রহীতাগণ যাতে দ্রুত সেবা পায় তার ব্যবস্থা করতে হবে। সেবা সহজীকরণের লক্ষ্যে অত্র দপ্তর কর্তৃক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন করা হয়েছে। উক্ত পরিকল্পনা অনুযায়ী ৩য় কোয়ার্টারে বিএমডি-এর নিজস্ব লোগো তৈরির পুনঃপ্রস্তাব প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ সংশোধনের বিষয়ে সভাপতি জানতে চাইলে সভায় জানানো হয় যে, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ সংশোধন, পরিবর্তন, পরিবর্ধনের প্রস্তাব জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হচ্ছে।

চলমান পাতা-২

৩.০ সিদ্ধান্ত :

বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

(১) যথাসময়ে খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ সংশোধনের প্রস্তাব প্রেরণ করতে হবে;

(২) বিএমডি-এর নিজস্ব লোগোর বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পুন: প্রস্তাব প্রেরণ করতে হবে;

(৩) কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য ইন-হাউজ প্রশিক্ষণ কর্মসূচী অব্যাহত রাখতে হবে;

(৪) দপ্তরে আগত সেবাগ্রহীতাদের সাথে সৌজন্যমূলক আচরণ করতে হবে এবং সিটিজেন চার্টার অনুসরণপূর্বক দ্রুত সেবা প্রদান করতে হবে;

(৫) স্ব স্ব ওয়েব সাইটে এবং তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ অব্যাহত রাখতে হবে এবং

(৬) কর্মপরিকল্পনা অনুযায়ী অন্যান্য বিষয়গুলি নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মো: নূরুল করিম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ও
আহ্বায়ক, নৈতিকতা কমিটি

২৮.০৭.০০০০.০০৪.৩৬.০০১.১৩. ২৫৭

তারিখ: ১১ চৈত্র ১৪২৫ / ২৫ মার্চ ২০১৯

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। জনাব মো: মামুনুর রশীদ, উপপরিচালক, বিএমডি, ঢাকা।
৩। জনাব মো: আব্দুল আলীম, সহকারী পরিচালক, বিএমডি, ঢাকা।
৪। মোসাঃ মাহবুবা খাতুন, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), বিএমডি, ঢাকা।
৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা।
৬। সংশ্লিষ্ট নথি।

(মো: নূরুল করিম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)